

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২২৯

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَاب جَامع المناقب)

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ يَصِعْدِ الثَّنِيَّةَ ثَنِيَّةَ الْمُرَارِ فَإِنَّهُ يُحُطُّ عَنْهُ مَا حُطَّ عَنْ بَنِي إِسرائيل». وَكَانَ أَوَّلَ مَنْ صَعِدَهَا خَيْلُنَا خَيْلُ بَنِي الْخَزْرَجِ يُحُطُّ عَنْهُ مَا حُطَّ عَنْ بَنِي إِسرائيل». وَكَانَ أَوَّلَ مَنْ صَعِدَهَا خَيْلُنَا خَيْلُ بَنِي الْخَزْرَجِ ثُمَّ تَتَامَّ النَّاسُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كُلُّكُمْ مَغْفُورٌ لَهُ إِلَّا صَاحِبَ الْجَمَلِ الْأَحْمَرِ». فَأَتَيْنَاهُ فَقُلْنَا: تَعَالَ يَسْتَغْفِرْ لَكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لَأَدُمُ لَلُهُ مَلْقُولُ لِي صَاحِبُكُمْ. رَوَاهُ مُسْلِمٌ وَذَكَرَ حَدِيثَ أَنسٍ لَأَنْ أَجِدَ ضَالَّتِي أَحَبُ إِلَيَّ مِنْ أَنْ يَسْتَغْفِرَ لِي صَاحِبُكُمْ. رَوَاهُ مُسْلِمٌ وَذَكَرَ حَدِيثَ أَنسٍ قَالَ لِأَبِي بْنِ كَعْبٍ: «إِنَّ اللَّهَ أَمَرَنِي أَنْ أَقْرَأً عَلَيْكَ» فِي «بَابٍ» بعدَ فَضَائِل الْقُرْآن

رواه مسلم (12 / 2880)، (7038)، (7038) حديث انس لابى بن كعب رضى الله عنهما تقدم (2196) ـ

(صَحِيح)

বাংলা

৬২২৯-[৩৪] উক্ত রাবী [জাবির (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, (হুদায়বিয়ার সফরকালে) রাসূলুল্লাহ (সা.) বললেন, এমন কে আছ যে মুরার গিরিপথে আরোহণ করবে, এতে তার কৃত গুনাহসমূহ এমনভাবে দূর হবে যেমনটি দূরীভূত হয়েছিল বানী ইসরাঈল হতে। অতএব আমাদের অর্থাৎ মদীনার খাযরাজ গোত্রীয়দের ঘোড়ায় সর্বপ্রথম উক্ত গিরিপথে আরোহণ করল। অতঃপর অন্যান্য লোকেরা অনুসরণ করে। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, লাল বর্ণের উটের মালিক ছাড়া তোমাদের সকলকে মাফ করা হয়েছে। অতঃপর আমরা সে লাল উটের মালিকের কাছে এসে বললাম, তুমি চল, রাসূলুল্লাহ (সা.) তোমার জন্যও মাফ চাইবেন। সে বলল, তোমাদের বন্ধুর তরফ হতে আমার জন্য ক্ষমা চাওয়া অপেক্ষা আমার হারানো জিনিসটা পাওয়াই আমার কাছে অধিক প্রিয়। (মুসলিম)



আনাস (রাঃ)-এর বর্ণিত হাদীস, রাসূলুল্লাহ (সা.) উবাই ইবনু কা'ব (রাঃ)-কে বলেছেন, আমাকে আল্লাহ তা'আলা নির্দেশ করেছেন, 'আমি যেন তোমাকে কুরআন পড়ে শুনাই।' ফাযায়িলে কুরআনের পরের অধ্যায়ে বর্ণনা করা হয়েছে।

ফুটনোট

সহীহ: মুসলিম ১২-(২৭৮০), মুসনাদে আবূ ইয়া'লা ১৮৭০, আল মু'জামুল আওসাত্ব ২৮৫০, আল মুসতাদরাক লিল - হাকিম ৬৯৮৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে উল্লেখিত (التَّنِيَّة) হলো পাহাড়ের একটি উঁচু পথের নাম। যা মদীনার পথে মক্কাহ্ ও হুদায়বিয়ার মাঝে অবস্থিত।

রাসূলুল্লাহ (সা.) - তাতে উঠার জন্য উৎসাহিত করেছিলেন এজন্য যে, তা ছিল একটি কঠিন যখন তারা মক্কায় হুদায়বিয়ার বছর তারা মক্কায় প্রবেশ করতে চেয়েছিল এখন তারা রাতে সেই স্থানে গিয়েছিলেন। যেন এখন অন্যান্য লোকেরা তাতে আরোহণ করে তাদের গুনাহ মাফ করিয়ে নিতে পারে।

"তাদেরকে যখন বলা হয়, এসো আল্লাহর রাসূল (সা.) তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করবেন তখন তারা মাথা নেড়ে অস্বীকৃতি জানায় তখন তুমি তাদেরকে দেখতে পাবে যে, তারা অহংকারবশত আল্লাহর পথে বাধা দিচছে। তুমি তাদের জন্য ক্ষমা প্রার্থনা কর আর না কর উভয়টিই, তাদেরকে তিনি কিছুতেই ক্ষমা করবেন।"- (সূরাহ্ আল মুনাফিকুন ৬৩: ৫-৬)। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন